

চিত্র উৎপাদনের আধুনিক প্রযুক্তি

চিত্র সারা বছর চাষোপযোগী একটি বহু বর্ষজীবী মসলা ফসল। এর পাতা সুপ ও সালাদ তৈরী সহ বিভিন্ন চাইনিজ ডিস ও কারি তৈরিতে ব্যবহৃত হয়। এর এলিসিনসমৃদ্ধ পাতা, কন্দ ও কচি ফুল সুগন্ধিযুক্ত, পুষ্টিসমৃদ্ধ, হজমকারক এবং হৃদরোগ ও ক্যানসার প্রতিরোধী গুণসম্পন্ন। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মসলা গবেষণা কেন্দ্র থেকে ২০১৭ সালে বারি চিত্র-১ নামে একটি উচ্চ ফলনশীল জাত উদ্ভাবন করা হয়েছে। রসুন ও পেঁয়াজের বিশেষ গুণ বিদ্যমান থাকায় ইহা রসুন ও পেঁয়াজের বিকল্প হিসাবে ব্যবহার করা যায়।

- জাতটির পাতা নরম এবং বাস্তব শক্ত প্রকৃতির
- চারা (Plant division) ও বীজের মাধ্যমে বংশ বিস্তার হয়
- চারা লাগানো থেকে ফসল উত্তোলন পর্যন্ত ৬৫-৭০ দিন সময় লাগে
- জাতটি পোকামাকড় ও রোগবালাই সহনশীল
- ফলন হেক্টর প্রতি ১০-১২ টন (গাছ ও পাতাসহ)
- এক হেক্টর জমিতে চিত্র চাষ করতে আশি থেকে নব্বই হাজার টাকা খরচ হয় এবং এক থেকে দেড় লক্ষ টাকা লাভ হয়।



বারি চিত্র-১ এর গাছ



বারি চিত্র-১ এর গাছসহ ফুল ও আশ্বেল

চারার হার ও রোপন দূরত্ব : প্রতি হেক্টরে ২-৩ লক্ষ চারা লাগে। প্রতিটি চারা ২০-২৫ সেন্টিমিটার দূরত্বে ১৫-২০ সেন্টিমিটার পরপর এপ্রিল-মে মাসে রোপণ করা হয়।

সার প্রয়োগ ও আন্তঃপরিচর্যা : চিত্র এর জন্য প্রতি হেক্টরে ৫ টন গোবর/ কম্পোস্ট সার, ১৪০ কেজি ইউরিয়া, ২০০ কেজি টিএসপি, ৯০ কেজি এমওপি এবং ৫০ কেজি জিপসাম সার প্রয়োগ করতে হবে। প্রতিবার সার প্রয়োগের পূর্বে জমি আগাছামুক্ত করতে হবে। চিত্র এর চারা রোপনের পর একটি প্লাবন সেচ দিতে হবে। জমি আগাছামুক্ত রাখতে হবে। জমির জো অবস্থা দেখে ২০-২৫ দিন পর পর সেচ দিতে হবে।

ফসল সংগ্রহ ও ফলন : চারা লাগানোর ৬৫-৭০ দিন পর থেকে ফসল সংগ্রহ করা যায়। গাছের গোড়া থেকে ২-৩ ইঞ্চি উপরে পাতা কেটে অথবা পুরো গাছ উঠিয়ে ফসল সংগ্রহ করা যায়। একবার রোপণ করে বছরে ৫-৬ বার ফসল সংগ্রহ করা যায়।

রোগ-পোকা মাকড় : চিত্র ফসলে রোগ-পোকা মাকড়ের আক্রমণ খুব কম হয়। তবে জমিতে আদর্ভা বেশী থাকলে স্কেরোসিয়াম জাতীয় ছত্রাকের আক্রমণ হয় এবং মাঝে মাঝে পার্পল লিফ ব্লচ ও থ্রিপসের আক্রমণ লক্ষ্য করা যায়, যাহা উত্তম ব্যবস্থাপনার মাধ্যমে সহজে দমন যোগ্য।



পার্পল লিফ ব্লচ আক্রান্ত গাছ

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন :

- (১) মসলা গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, শিবগঞ্জ, বগুড়া।
টেলিফোন : ০৫০৩৩-৬৯০৮০, ই-মেইলঃ srcinchargeshibganj@gmail.com
- (২) আঞ্চলিক মসলা গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
টেলিফোন : ০২-৪৯২৭০১২৮, ই-মেইলঃ rsrcbari@yahoo.com
- (৩) বারি মোবাইল এ্যাপস : BARI Application